গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল
www.udd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৮.১৭.৮২

তারিখ: ৪ আষাঢ় ১৪২৭
১৮ জুন ২০২০

বিষয়: **“গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন জোনের প্রধান সংযোগ রাস্তাগুলি প্রশস্তকরণসহ নর্দমা ও ফুটপাত নির্মান” শীর্ষক প্রকল্পের আওতায় জমি অধিগ্রহনের লক্ষ্যে অনাপত্তি ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।**

সূত্র: জিসিসি/নগর ভবন/প্রকৌ:/ডিপিপি-৩৮২৮/২০২০/৫১০২

যথাবিহিত সম্মান প্রদর্শনপূর্বক উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, “গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন জোনের প্রধান সংযোগ রাস্তাগুলি প্রশস্তকরণসহ নর্দমা ও ফুটপাত নির্মান” শীর্ষক প্রকল্পের আওতায় ৯টি রাস্তার জন্য ৭৬ টি মৌজায় ২৩৯.৭৮ একর জমি অধিগ্রহনের নিমিত্তে আবেদন করেছেন। তন্মধ্যে ২ টি রাস্তার ০১. মহিলা কলেজ থেকে দক্ষিণ ছায়াবিথী-বাঙ্গালগাছ-নিলেরপাড়া-ইছালী হয়ে পূবাইল রেলগেট পর্যন্ত রাস্তা এবং ০২. জয়দেবপুর রানীবিলাসমনি থেকে রথখোলা-হাসপাতাল-ভোড়া-ভাড়ারুল চৌরাস্তা-কলের বাজার-ঢাকা বাইপাস হয়ে-ঢাকা-কালীগঞ্জ সংযোগ সড়ক পর্যন্ত রাস্তার জন্য গাজীপুর সদর উপজেলার, পূবাইল উপজেলার ইছালী, ডেমরপাড়া, বিলাসরা, নাগপাড়া, ধরপাড়া, মাইজগাও, খিলগাও, বসুগাও, জয়দেবপুর, বাঙ্গালগাছ, নীলেরপাড়া, ভোড়া, আদাবৈ, ভাড়ারুল, রাহাপাড়া, মেঘডুবী, কুদাবো, মাজুখান, খাইলকৈর মৌজায় সর্বমোট প্রায় ৬৫.০৬১৯ (পয়ষট্টি দশমিক শূণ্য ছয় এক নয়) একর ভূমির মৌজা শিডিউল প্রত্যাশী সংস্থা কর্তৃক সরবরাহ করা হয়েছে (মৌজা সিডিউল সংযুক্ত, সংযুক্তি-০১)।

তদপ্রেক্ষিতে, মৌজা দাগসূচী অনুযায়ী ২ টি রাস্তার জন্য প্রস্তাবিত এলাকা সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শন প্রতিবেদন (সংযুক্তি-০২) অনুযায়ী প্রস্তাবিত স্থানসমূহে প্রস্তাবিত দাগ সমূহের কিছু দাগে সেমিপাকা এবং পাকা বাড়ী ও কিছু দাগে শিল্প প্রতিষ্ঠান এবং মেঘডুবী মৌজার ১৬০৪ নং দাগে, খাইলকৈল মৌজার ১০৫, ১৫১ নং দাগে, জয়দেবপুর মৌজার ২২০২, ২১২৬ নং দাগে, ভোড়া মৌজার ৩৭৫ নং দাগে, ভাড়ারুল মৌজার ৫৯৪, ৬৯৯ নং দাগে, মাইজগাও মৌজার ২৪৮ নং দাগে, নীলেরপাড়া মৌজার ১৯৫ নং দাগে পুকুর রয়েছে এবং বাঙ্গালগাছ মৌজার ২৫৭ নং দাগে মসজিদ এর জমি থাকলেও মসজিদের অবকাঠামো এর মধ্যে পড়ে নাই। এছাড়াও অন্যান্য অংশ খালি এবং কিছু অংশে নিচু ও জলাভূমি রয়েছে। (গুগল ম্যাপ, সংযুক্তি-০৩)। RAJUK এর অন্তর্ভূক্ত এলাকায় Detail Area Plan (DAP) এর Database পর্যালোচনা করে দেখা প্রস্তাবিত স্থানসমূহের প্রস্তাবিত ভূমি ব্যবহার Rural Settlement, Residential Zone, Proposed Road Network এবং Agriculture land হিসেবে চিহ্নিত আছে। রাজউক কর্তৃক পানির প্রবাহ বাধাগ্রস্ত না করার শর্তে ছাড়পত্র প্রদান করা হয়েছে (স্মারক নং-২৫.৩৯.০০০০.০৩১.৩৬.০০৩.২০.২, তারিখঃ ১৮ জুন ২০২০, সংযুক্তি-০৪)।

এমতাবস্থায়, নিম্নলিখিত শর্ত সাপেক্ষে এবং জনস্বার্থে নির্দেশক্রমে উক্ত জমি অধিগ্রহনে নগর উন্নয়ন অধিদপ্তরের কোন আপত্তি নাই।

০১. প্রস্তাবিত জমিতে অবস্থিত পুকুর এবং জলাভূমি সমূহ জলাধার আইন, ২০০০ অনুযায়ী সংরক্ষন করতে হবে এবং পানির প্রবাহ অক্ষুন্ন রাখতে হবে।
০২. প্রস্তাবিত জমিতে অবস্থিত মসজিদ এর ক্ষেত্রে সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ অনুযায়ী ব্যবস্থা গ্রহন করতে হবে।

উল্লেখ্য যে, প্রত্যাশী সংস্থা কর্তৃক ৯টি রাস্তার জন্য ৭৬ টি মৌজায় ২৩৯.৭৮ একর জমি অধিগ্রহনের নিমিত্তে আবেদন করা হলেও ২ টি রাস্তার মোট ৬৫.০৬১৯ একর জমির মৌজা দাগসূচী পাওয়ার প্রেক্ষিতে ৬৫.০৬১৯ একর সংযুক্ত দাগসূচী অনুযায়ী বর্ণিত জমির জন্য অনাপত্তি প্রদান করা হলো। এবং বাকী ৭ টি রাস্তার মোট ১৭৪.৭১৮১ একর জমির ক্ষেত্রে মৌজা ম্যাপ ও মৌজা দাগসূচী পাওয়ার প্রেক্ষিতে পরবর্তী ব্যবস্থা গ্রহন করা হবে।

আরও উল্লেখ্য যে, এই অনাপত্তি **গাজীপুর সিটি কর্পোরেশন** কর্তৃক প্রস্তাবিত জমি অধিগ্রহনের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি ব্যতিত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জায়গায় কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।

**সংযুক্তি:**

০১. মৌজা সিডিউল।
০২.পরিদর্শন প্রতিবেদন।
০৩. প্রকল্প এলাকার গুগল ম্যাপ
০৪. রাজউক এর ছাড়পত্র।



১৮-৬-২০২০
আহমেদ আখতারুজ্জামান
সিনিয়র প্ল্যানার

মোঃ আমিনুল ইসলাম, প্রধান নির্বাহী কর্মকর্তা
গাজীপুর সিটি কর্পোরেশন, নগর ভবন, গাজীপুর।

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৮.১৭.৮২/১(৩)

তারিখ: ৪ আষাঢ় ১৪২৭
১৮ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) পরিচালক (চলতি দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর
২) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর
৩) সিনিয়র প্ল্যানার, আরবান প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর (পত্রটি দপ্তরের ওয়েবসাইটে আপলোডের আবেদনসহ)।



১৮-৬-২০২০
জাকিয়া সুলতানা
প্ল্যানার